


বিকল্প শক্তির ব্যবহার বাড়াতে হবে : মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি : কলকাতা, ১০ই মার্চ— ভবিষ্যতের স্বার্থেই কয়লাভিত্তিক তাপ বিদ্যুতের ব্যবহার কমিয়ে বিকল্প শক্তির ব্যবহার বাড়াতে হবে। আর সেক্ষেত্রে সৌরবিদ্যুৎ অন্যতম গুরুত্বপূর্ণ। বুধবার ফলতা বিশেষ অর্থনৈতিক অঞ্চলে ‘বিক্রম সোলার’-র ২৫ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি সৌরবিদ্যুৎ কেন্দ্রের উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য। তিনি বলেন, সৌরবিদ্যুতের ব্যবহার বাড়াতে কেন্দ্র যে ‘সৌরবিদ্যুৎ মিশন’ তৈরি করেছে, তাতে এ রাজ্যে সৌরবিদ্যুৎ



বুধবার ফলতার সোলার মডিউল তৈরির কারখানা উদ্বোধনের পর ঘুরে দেখছেন বুদ্ধদেব ভট্টাচার্য। রয়েছেন এস পি গণ চৌধুরী, দেবেশ দাস প্রমুখ।

উৎপাদনের ওপর বিশেষ জোর দেওয়া হয়েছে। বেসরকারী সংস্থাগুলিকেও একাজে আরো বেশি এগিয়ে আসার আহ্বানও জানান মুখ্যমন্ত্রী।

এদিন যে কেন্দ্রটির উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী, তার বর্তমান উৎপাদন ক্ষমতা ২৫ মেগাওয়াট। বিক্রম সোলার প্রাইভেট লিমিটেডের চেয়ারম্যান এইচ কে চৌধুরী জানান, এবছরের মধ্যেই তার উৎপাদন ক্ষমতা ৫০ মেগাওয়াটে পৌঁছানো হবে। জার্মানিতেও এমন একটি কেন্দ্র গড়েছে বিক্রম সোলার। যা দেশীয় কোনো সংস্থার কাছে নজিরবিহীন। ওয়েস্ট বেঙ্গল গ্রিন এনার্জি ডেভেলপমেন্ট কর্পোরেশনের ম্যানেজিং ডিরেক্টর এস পি গণচৌধুরী বলেন, সৌরশক্তির ব্যবহারে অন্যতম পথিকৃৎ এ রাজ্যই। সৌরশক্তির ব্যবহারের ক্ষেত্রেও রাজ্যের অবস্থান যথেষ্ট ভালো।

বিক্রম সোলারের পক্ষ থেকে জানানো হয়েছে বর্তমানে বিনিয়োগের পরিমাণ প্রায় ১০০ কোটি টাকা। কর্মসংস্থান হয়েছে ২০০ জনের। উৎপাদন ক্ষমতা বাড়ানোসহ সম্প্রসারণ পরিকল্পনার মাধ্যমে এই বিনিয়োগের পরিমাণও বেড়ে দাঁড়াবে ৫০০ কোটি টাকায়। যার ফলে কর্মসংস্থানের সংখ্যাও বেড়ে দাঁড়াবে ৮০০ জনে। তবে শুধু বিদ্যুৎ উৎপাদনই নয়, বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রয়োজনীয় অন্যান্য সামগ্রী যেমন সোলার মডিউলের উৎপাদনের ওপরও জোর দেন মুখ্যমন্ত্রী। এদিনের অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বিধায়ক চন্দনা ঘোষদস্তিদার, ঋষি হালদার, রাজ্যের স্বরাষ্ট্রসচিব অর্ধেন্দু সেন, বেসুর উপাচার্য এ কে রায়, বিক্রম সোলারের ম্যানেজিং ডিরেক্টর জ্ঞানেশ চৌধুরী, ফলতা বিশেষ অর্থনৈতিক অঞ্চলের ডেভেলপমেন্ট কমিশনার অরুণকুমার বিট প্রমুখ।